গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**বিষয়: ২০২১-২২ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের লক্ষ্যে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
তারিখ : ১১ এপ্রিল ২০২২ খ্রি:
স্থান : ব্যবস্থাপনা পরিচালক-এঁর অফিস কক্ষ (২০১), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
সময় : বেলা ১২.০০ টা।

১.০ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২১-২২ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ (৩য় বর্ষ, ২য় বর্ষ এবং ১ম বর্ষ) শিক্ষাবর্ষের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে ২০২২ সালের উপবৃত্তি বিতরণ কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত এক পর্যালোচনা সভা ১১ এপ্রিল ২০২২ খ্রি: বেলা ১২.০০ টায় ব্যবস্থাপনা পরিচালক-এঁর অফিস কক্ষ (২০১) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সভাপতিত্ব করেন।

২.০ আলোচনা: সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (উপবৃত্তি) সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরে উপবৃত্তির বিজ্ঞপ্তি তিনটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। বিগত ০৯/০১/২০২২ তারিখ হতে ১২/০২/২০২২ তারিখ আবেদনের সময়সীমা পর্যন্ত ই-স্টাইপেন্ড সফটওয়্যারে ১,৯৪,৯০২ জন শিক্ষার্থীর আবেদন পাওয়া যায়।যার মধ্যে গত ৩১/০৩/২০২২ তারিখ পর্যন্ত ই-স্টাইপেন্ড সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ১,৬২,০০০ জন শিক্ষার্থীর ফরওয়ার্ডকৃত তথ্য পাওয়া যায়। উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ অর্থবছর অনুযায়ী স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ১,৩০,০০০ জন শিক্ষার্থীকে উপবৃত্তি (ছাত্র ৪৫,০০০ জন + ছাত্রী ৮৫,০০০ জন) এবং ৮০,০০০ জন শিক্ষার্থীকে টিউশন ফি (ছাত্র ২৮,০০০জন + ছাত্রী ৫২,০০০ জন) প্রদানের টার্গেট রয়েছে।

৩.০ ই-স্টাইপেন্ড সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফরওয়ার্ডকৃত ১,৬২,০০০ জন শিক্ষার্থীর প্রদেয় তথ্যে চারটি মোবাইল অপারেটরে ১,৫৫,০৫৮ টি এবং (বিকাশ ১,৩৬,০২১ টি, রকেট ১১,৭১৭ টি, নগদ ৭,২০২ টি উপায় ১১৪ টি) এবং বিভিন্ন ব্যাংকে ৬,৯৪২ টি একাউন্টের তথ্য পাওয়া গেছে। উল্লেখিত মোবাইল অপারেটর এবং ব্যাংকসমূহের হিসাব নম্বর সমূহ সঠিক কিনা এ সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহের জন্য প্রাপ্ত ১,৬২,০০০ জন শিক্ষার্থীর তথ্য স্ব-স্ব মোবাইল কম্পানি এবং সোনালী ব্যাংকে পাঠানো হয়েছে।

৪.০ সিদ্ধান্ত:

ক. প্রাপ্ত আবেদনসমূহের আলোকে শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের লক্ষ্যে যাচাই-বাছাই কমিটির এক সভা ২০ এপ্রিল ২০২২ এর মধ্যে আহবান করতে হবে; এবং

খ. শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের লক্ষ্যে মোবাইল অপারেটর এবং ব্যাংকসমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২২- ৭৯

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

১১.০৪.২০২২

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা ।
২। উপপরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা ।
৩। সহকারি পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা ।
৪। সহকারি পরিচালক (অর্থ), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা ।
৫। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা ।
৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি